

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
আইসিটি সেল শাখা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয়ঃ কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত “ইনোভেশন টিম” এর ২৩-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়  
তারিখ : ২৩-০১-২০১৭।  
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৮০৬, ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।  
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় মন্ত্রণালয়ের উদ্ভাবনী চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১)	সার্ভার রুমের যন্ত্রাংশ থেকে ক্ষতিকর রেডিয়েশন ও নিরাপত্তার জন্য ইটের দেয়াল দ্বারা সার্ভার রুম পার্টিশন ও ডেকোরেশন করতে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(২)	সার্ভার রুমের সার্ভার অধিক পুরাতন হওয়ায় সার্ভার মেরামত/প্রতিস্থাপন করতে হবে এবং মন্ত্রণালয়ের অকেজো সুইচ বক্স অপসারণ করতে হবে।	আইসিটি শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(৩)	বিধি মোতাবেক সকল শাখার পুরানো ফাইল বিনষ্ট করতে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(৪)	সকল (পুরুষ ও মহিলা) টয়লেট সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পিডব্লিউডি কে পত্র ব্যক্তিগত যোগাযোগ করতে হবে। বিদ্যমান সুইপার দিয়ে ওয়াশরুম কমপক্ষে ২ বার পরিষ্কার করতে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়নে পত্র দিবেন।
(৫)	সকল কর্মকর্তা/কর্মচারী তাঁর নিজস্ব অফিস কক্ষটি স্ব উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন ও সুসজ্জিত করবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়নে পত্র দিবেন।
(৬)	মন্ত্রণালয়ের করিডোরে ২টি লুকিং গ্লাস স্থাপন করতে হবে। গ্লাসের উপরে লেখা থাকবে Am I Looking fine?	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
৩১-০১-২০১৭  
(মোঃ রফিকুল ইসলাম)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
নৌ-পরিবহন মন্ত্রণালয়

**অনুলিপিঃ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. চেয়ারম্যান, চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন।
৩. মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫. যুগ্মসচিব (বাস্থবক ও মোবক)/(চবক ও প্রশাসন)/(আইন ও অডিট)/(টিএ)/(বাজেট)/(জাহাজ), যুগ্মপ্রধান, নৌ পরিবহন মন্ত্রণালয়।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়।
৮. কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৯. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
১০. উপসচিব (প্রশাসন)/(টিএ)/(চবক)/(মোবক)/ (টিসি ও বিএসসি)/উপপ্রধান, নৌ পরিবহন মন্ত্রণালয়।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়।
১২. প্রোগ্রামার, নৌ পরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়।
১৪. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)/(বাণিজ্যিক)/(উন্নয়ন), নৌ পরিবহন মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-

০২-০২-২০১৭

(সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান)

প্রোগ্রামার

ফোনঃ ৯৫৪৫৭৬৬

ই-মেইলঃ [programmer@mos.gov.bd](mailto:programmer@mos.gov.bd)